আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর ।

প্রথম সপ্তাহ

২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীববিজ্ঞান | বিষয় কোড: ১৩৮ | স্তর: এসএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল / বিষয়বস্তু</th><th>নির্দেশনা
(সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>১

দ্বিতীয় অধ্যায়: জীবকোষ ও টিস্যু</td>
<td>খালি চোখে লক্ষ্যণীয় উদ্ভিদ কোষের বৈশিষ্ট্য এবং টিস্যুর শ্রমবন্টন নির্ণয়।</td>
<td>• উদ্ভিদ কোষের প্রধান অঙ্গাণুর কাজ ব্যাখ্যা করতে পারব।
• জীবদেহে কোষের উপযোগিতা মূল্যায়ন করতে পারব।
• উদ্ভিদ টিস্যু ব্যাখ্যা করতে পারব।
• একই রকম কোষ সমষ্টির ও একই কাজ সম্পন্ন করার ভিত্তিতে টিস্যুর কাজ মূল্যায়ন করতে পারব।</td>
<td>• ধাপ - ১ পাঠ্যপুস্তকের ২০-২১ পৃষ্ঠা, ২৩-২৪ পৃষ্ঠা এবং ২৮-৩৩ পৃষ্ঠা দ্রষ্টব্য।
• ধাপ - ২ খাতায় নিচের মতো দুটি ছক করতে হবে:
পর্যবেক্ষণের ছক:
<table>
<tr><th rowspan="2">নমুনা নং</th><th rowspan="2">রং</th><th colspan="3">দৃঢ়তার পরিমাপ</th></tr>
<tr><th>নরম</th><th>কম দৃঢ়</th><th>তুলনামূলক দৃঢ়</th></tr>
<tr><td colspan="5">১.পাকা আম-</td></tr>
<tr><td>বোঁটা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>খোসা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শাঁস</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>আটি</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="5">২. কাঁচা পেঁপে-</td></tr>
<tr><td>বোঁটা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>খোসা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শাঁস</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কারণ নির্ণয়ের ছক:
<table>
<tr><th rowspan="2">নমুনা নং</th><th rowspan="2">রং</th><th colspan="3">দৃঢ়তার পরিমাপ</th></tr>
<tr><th>নরম</th><th>কম দৃঢ়</th><th>তুলনামূলক দৃঢ়</th></tr>
<tr><td colspan="5">১.পাকা আম-</td></tr>
<tr><td>বোঁটা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>খোসা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শাঁস</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>আটি</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="5">২. কাঁচা পেঁপে-</td></tr>
<tr><td>বোঁটা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>খোসা</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শাঁস</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
• ধাপ-৩: পর্যবেক্ষণের ছকটি আগে পূরণ করতে হবে। হাত, ছুরি, বঁটি ইত্যাদি ব্যবহার করে উল্লিখিত ফল ও সব্জির খোসা ছাড়িয়ে অথবা কেটে খাওয়ার সময় প্রতিটি অংশের দৃঢ়তা লক্ষ্য করে সেই অনুসারে সেসব ঘরে টিক চিহ্ন দিতে হবে। আর যেসব ঘরে কোনো বৈশিষ্ট্য প্রযোজ্য নয় সেগুলোতে ক্রস চিহ্ন দিতে হবে। তবে রং-এর ঘরে রঙের নাম লিখতে হবে।
• ধাপ-৪: পর্যবেক্ষণের ছকে যা কিছু উল্লেখ করা হয়েছে, কারণ নির্ণয়ের ছকে সেগুলোর সমতুল্য ঘরগুলোতে সেই বৈশিষ্ট্যগুলোর কারণ লিখতে হবে। রঙের বিভিন্নতার কারণগুলো প্রতিটি ঘরে একটি করে, মোট সাতটি হবে। দৃঢ়তার বিভিন্ন মাত্রার ক্ষেত্রে পর্যবেক্ষণের ছকে প্রতি সারিতে শুধু যে ঘরে টিক চিহ্ন দেওয়া হয়েছিল, সেই ঘরের সাপেক্ষে কারণ উল্লেখ করতে হবে। ক্রস-চিহ্নিত ঘরসমূহের কারণ উল্লেখ করার প্রয়োজন নেই। তাই দৃঢ়তার মাত্রার বিভিন্নতার কারণও মোট সাতটি হবে। কারণ নির্ণয়ের ছকে বাকি ঘরগুলো ফাঁকা থাকবে।
• সাবধানতা: ধারালো যন্ত্র ব্যবহারের সময় যেন হাত না কেটে যায়, সে ব্যাপারে সাবধান থাকতে হবে। অবশ্যই পরিবারের বয়োজ্যেষ্ঠ কারো তত্ত্বাবধানে কাজটি করতে হবে।</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা / নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক) ধাপ-২ এ নমুনাসমূহের পর্যবেক্ষণের ছক</td><td>ছকের ২৫-২৮ টি ঘর গ্রহণযোগ্যভাবে পূরণ করা হয়েছে।</td><td>ছকের ১৫-২৪ টি ঘর গ্রহণযোগ্যভাবে পূরণ করা হয়েছে।</td><td>ছকের ৫-১৪ টি ঘর গ্রহণযোগ্যভাবে পূরণ করা হয়েছে।</td><td>ছকের ১-৪ টি ঘর গ্রহণযোগ্যভাবে পূরণ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>খ) ধাপ-২ এর কারণ নির্ণয়ের ছকে রঙের বিভিন্নতার কারণ</td><td>উল্লিখিত ৬-৭ টি ঘরের প্রতিটিতে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের ৪-৫ টি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের ২-৩ টি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের একটি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>গ) ধাপ-২ এর কারণ নির্ণয়ের ছকে দৃঢ়তার বিভিন্ন মাত্রার কারণ</td><td>উল্লিখিত ৬-৭ টি ঘরের প্রতিটিতে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের ৪-৫ টি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের ২-৩ টি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td>ছকের একটি ঘরে গ্রহণযোগ্যভাবে কারণ উল্লেখ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td colspan="5">মোট</td><td></td></tr>
</table>
বরাদ্দকৃত মোট নম্বর: ১২
</td>
<td></td>
</tr>
</table>

নম্বরের ব্যপ্তি	মন্তব্য
১০-১২	অতি উত্তম
০৮-০৯	উত্তম
০৬-০৭	ভালো
০-০৫	অগ্রগতি প্রয়োজন